

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০০৯৫
আগরতলা, ১৮ মার্চ, ২০২৩

গোৰ্খাবস্তুতে ভিডিভিকের আউটলেটের উদ্বোধন

বন ধন যোজনায় উপজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আজ গোৰ্খাবস্তুস্থিত নেহরু কমপ্লেক্সে ভিডিভিকে প্রোডাক্ট আউটলেটের আনুষ্ঠানিক সূচনা করা হয়। জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা এই আউটলেটের সূচনা করে বলেন, এই আউটলেটের মাধ্যমে ভিডিভিকে কমিটিগুলির মাধ্যমে উৎপাদিত পণ্য সামগ্রীগুলি জনসাধারণ কিনতে পারবেন। এরফলে ভিডিভিকে কমিটিগুলির সদস্য / সদস্যগণ আর্থিকভাবে উপকৃত হবেন। তিনি বলেন, পর্যায়ক্রমে রাজ্যের অন্যান্য স্থানেও এই ধরনের আউটলেট খোলা হবে। বর্তমানে এই আউটলেটে ধলাই জেলার কুবুই, গোমতী জেলার থাংনানিলামা, উনকোটি জেলার উনকোটি ও দারচৈ ভিডিভিকের উৎপাদিত মরিচের আচার, ব্যানানা চিপস সহ নানান সামগ্রী পাওয়া যাচ্ছে।
